ইত্তেফাক

তারিখ 21/10/78
পৃষ্ঠা ৩ কলাম 1

112

# নয়া পেট্রোলিয়াম মন্ত্রীর সংক্ষিপ্ত জীবনী

লেঃ কর্ণেল (অবঃ) আকবর হোসেন ১৯৪১ সনে কুমিল্লা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন গ্রাজুয়েট। ১৯৬৫ সনে তিনি সেনাবাহিনীতে যোগদান করেন এবং পরের বৎসর কমিশনপ্রাপ্ত হন। লেঃ কর্ণেল (অবঃ) হোসেন ১৯৭১ সনে স্বাধীনতাযুদ্ধে অংশগ্রহণ করেন। যুদ্ধে কৃতিত্বের জন্য তাঁহাকে 'বীর প্রতীক' খেতাব দেওয়া হয়। ১৯৭৪ সনে সেনাবাহিনী হইতে পদত্যাগ করিয়া তিনি সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করেন। তিনি শ্রমিক আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি ইউপিপির ভাইস প্রেসিডেন্ট ছিলেন।

গতমাসে জাতিসংঘের সাধারণ অধিবেশনে তিনি বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। লেঃ কর্ণেল (অবঃ) আকবর হোসেন বিবাহিত ও ৩ পুত্রের জনক। খবর বাসস পরিবেশিত।